



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০

ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়

বিজ্ঞপ্তি নং-৫৬/২০২৪

তারিখ : ২৪ বৈশাখ ১৪৩১
০৭ মে ২০২৪

পল্লী সঞ্চয় ব্যাংকে ২০২১ সাল ভিত্তিক ‘উপ সহকারী প্রকৌশলী-পূর্ত’ (১০ম গ্রেড) (JOB ID: 10195)
এর ০২টি শূন্য পদে নিয়োগের লক্ষ্যে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণের সময়সূচি।

ব্যাংকার্স সিলেকশন কমিটির সদস্যভুক্ত পল্লী সঞ্চয় ব্যাংকে ২০২১ সাল ভিত্তিক ‘উপ সহকারী প্রকৌশলী-পূর্ত’ (১০ম গ্রেড) (JOB ID: 10195) এর ০২টি শূন্য পদে নিয়োগের লক্ষ্যে এ সচিবালয়ের ১২/০২/২০২৩ তারিখের নিয়োগ বিজ্ঞপ্তি নং- ১৭/২০২৩ এর প্রেক্ষিতে বিগত ২৩/০২/২০২৪ তারিখে অনুষ্ঠিত লিখিত পরীক্ষায় উত্তীর্ণ ১৫ জন প্রার্থীর মৌখিক পরীক্ষা ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়ের (বিএসসিএস) তত্ত্বাবধানে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয় (প্রধান ভবনের ৪র্থ তলা), মতিঝিল, ঢাকায় নিম্নরূপ তারিখ এবং সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে :

মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের রোল নম্বর	মোট	মৌখিক পরীক্ষার তারিখ ও রিপোর্টিং সময়
1615, 1616, 1620, 1652, 1665, 1669, 1675, 1698, 1711, 1721, 1723, 1756, 1757, 1758, 1768	১৫	১৫/০৫/২০২৪ সকাল ৮:৩০ ঘটিকা

মৌখিক পরীক্ষার জন্য পৃথকভাবে কোনো ইন্টারভিউ কার্ড ইস্যু করা হবে না; তবে, ইতিপূর্বে অনুষ্ঠিত লিখিত পরীক্ষার প্রবেশপত্র মৌখিক পরীক্ষার প্রবেশপত্র হিসেবে গণ্য হবে। মৌখিক পরীক্ষার জন্য নির্ধারিত সময়ে প্রার্থীদের অবশ্যই রিপোর্ট করতে হবে। বিলম্বে রিপোর্ট করার কোনো কারণ কর্তৃপক্ষের নিকট গ্রহণযোগ্য হবে না। প্রার্থীগণকে নিয়োগ বিজ্ঞপ্তির শর্তাদি এবং অনলাইন আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে নিম্নবর্ণিত প্রমাণক দলিলাদির মূলকপি প্রদর্শন করতে হবে এবং এতদসংক্রান্ত এক সেট সত্যায়িত ফটোকপি ক্রমানুসারে সাজিয়ে মৌখিক পরীক্ষার অব্যবহিত পূর্বে অবশ্যই মৌখিক পরীক্ষার বোর্ডের সহযোগী সদস্যদের নিকট জমা দিতে হবে:

১. পরিচালক(বিএসসিএস) ও সদস্য-সচিব, ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা বরাবর “উপ সহকারী প্রকৌশলী-পূর্ত (JOB ID: 10195) পদে আবেদনের সমর্থনে দলিলাদি জমাদান” বিষয়ে প্রার্থীর নিজ স্বাক্ষরযুক্ত স্বহস্তে লিখিত আবেদনপত্র;
২. সদ্য তোলা ০৩ কপি রসিদ পাসপোর্ট সাইজ ছবি (ছবির পিছনে প্রার্থীর নাম ও রোল নম্বর লিখতে হবে);
৩. সংশ্লিষ্ট পদে নিয়োগ পরীক্ষার প্রবেশপত্র;
৪. সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (ক্রমানুসারে সাজিয়ে এসএসসি/সমমান সনদ, এইচএসসি/সমমান সনদ, সিভিল ইঞ্জিনিয়ারিং বিষয়ে ডিপ্লোমা সনদ ও মার্কশীট);
৫. এ পদে আবেদনের সর্বশেষ তারিখ ১৩/০৩/২০২৩ এর পরে ইস্যুকৃত ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং সনদ/মার্কশীট-এ ফল প্রকাশের তারিখ উল্লেখ না থাকলে পরীক্ষা নিয়ন্ত্রক বা রেজিস্ট্রার এর কার্যালয় হতে ইস্যুকৃত ফল প্রকাশের তারিখ সংক্রান্ত সনদ;
৬. ‘O’ Level/ ‘A’ Level পরীক্ষায় উত্তীর্ণ হলে অথবা বিদেশী বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রী প্রাপ্ত হলে দেশীয় সংশ্লিষ্ট শিক্ষাবোর্ড/বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে ইস্যুকৃত সমমান সনদ (শ্রেণি/বিভাগ/জিপিএ/সিজিপিএ উল্লেখসহ);
৭. আবেদনে উল্লিখিত স্থায়ী ঠিকানার সমর্থনে (পিতা/স্বামী) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক সম্প্রতি ইস্যুকৃত জাতীয়তা সনদপত্র/নাগরিকত্ব সনদপত্র;
৮. বীর মুক্তিযোদ্ধার সন্তান কোটার সুবিধাপ্রার্থীদেরকে মুক্তিযোদ্ধা সনদ সম্পর্কিত প্রমাণক দলিলাদির সনদপত্র;
৯. শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট অধিদপ্তর হতে প্রতিবন্ধীতার স্বপক্ষে প্রদত্ত সনদপত্র;
১০. চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে তাদের স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের অনাপত্তিপত্র।

বিশেষ দৃষ্টব্য :

- ক) প্রকাশিত ফলাফলে কোনো কারণে কোনো সংশোধনের প্রয়োজন হলে তা সংশোধনের অধিকার বিএসসিএস সংরক্ষণ করে।
- খ) প্রার্থী প্রয়োজনীয় সনদসমূহের কোন একটির মূলকপি প্রদর্শনে ব্যর্থ হলে বা অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ তথ্য/দলিলাদি দাখিল করলে তার প্রার্থীতা বাতিল বলে গণ্য হতে পারে।
- গ) মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

স্বাক্ষরিত/-
(মোঃ কাওছার মতিন)
পরিচালক (বিএসসিএস),
বাংলাদেশ ব্যাংক
ও
সদস্য-সচিব, বিএসসি